



নওগাঁয় ভোকেশনাল শিক্ষকদের ১৬ দফা দাবিতে মানববন্ধন

ভোকেশনাল শিক্ষকদের মানববন্ধন

স্বদেশ ডেস্ক

কারিগরি শিক্ষা অঙ্গনে কর্মরত শিক্ষক-কর্মচারীদের পেশাদার অধিকার আদায়, পেশার মান উন্নয়ন এবং কারিগরি শিক্ষা প্রসারে ১৬ দফা দাবি আদায়ের লক্ষ্যে শুক্রবার 'জয়পুরহাট' যশোর ও নওগাঁয় বাংলাদেশ ভোকেশনাল শিক্ষক সমিতি মানববন্ধন কর্মসূচি পালন করেছে। প্রতিনিধিদের পাঠানো খবর:

জয়পুরহাট : জয়পুরহাট প্রেসক্লাবের সামনে জেলা শাখার উদ্যোগে মানববন্ধন কর্মসূচি পালন করা হয়। এতে জেলার বিভিন্ন কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের শতাধিক শিক্ষক-কর্মচারি অংশ নেন। সরকার দাবি বাস্তবায়ন না করলে পরবর্তীতে বৃহত্তর আন্দোলনের কর্মসূচি গ্রহণ করা হবে বলে জানান তারা। যশোর : যশোর প্রেসক্লাবের সামনে মানববন্ধন কর্মসূচি পালিত হয়। মানববন্ধন চলাকালে বক্তৃতা করেন সমিতির জেলা সভাপতি আব্দুল্লাহ ফারুক আল মাহমুদ, সশ্রদ্ধক জাহিদুর রহমান, আসাদুজ্জামান বাচ্চু, সাইদুর রহমান, রোকনুজ্জামান, আব্দুল গফফার, কামরুজ্জামান, নাজিমুল ইসলাম খান, আবুল হোসেন, নূরুল ইসলাম প্রমুখ।

নওগাঁ : নওগাঁ শহরের মুক্তির মোড় প্রধান সড়কের পাশে মানববন্ধন পালন করা হয়। মানববন্ধন চলাকালে বক্তৃতা করেন নওগাঁ জেলা ভোকেশনাল শিক্ষক সমিতির সভাপতি মামুনুর রশিদ, সশ্রদ্ধক আব্দুর রাকিব, মোস্তফা কামাল মিলন প্রমুখ।